# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
## প্রশাসন বিভাগ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

সাধারণ শাখা

Web site : www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৭৬৬ তারিখঃ ২০/০৬/২০২৪ খ্রি.

### নোটিশ

মানিকগঞ্জ পৌরসভার সম্মানিত কাউন্সিলরবৃন্দদেরকে অবগত করা যাচ্ছে যে, আগামী ২৭ জুন, ২০২৪ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষে পৌর পরিষদের ৪৩তম সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থেকে সভার কার্যক্রমে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

<u>আলোচ্য সূচি ঃ</u> ০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা।
০৩। জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা।
০৪। উন্নয়ন খাতে প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা।
০৫। রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা।
০৬। মাসিক হিসাব বিবরণী আলোচনা।
০৭। জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা।
০৮। IUGIP প্রকল্পের ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সংক্রান্ত অলোচনা।
০৯। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত আলোচনা।
১০। ১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
১১। বিবিধ

প্রাপক ঃ জনাব ...............................................................
কাউন্সিলর
.......নং সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
manikganj_municipality@yahoo.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৭৬৬ তারিখঃ ২০/০৬/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ
০১। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
০২। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ-কে সভার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
০৩। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ-কে সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।
০৪। জনাব ..................................................পদবি.................... শাখা................., মানিকগঞ্জ পৌরসভা।
০৫। অফিস কপি।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

D:\Disk (E)\Meeting\OFFICE LATER\MASIK SOVA\NOTIC.doc

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়
মানিকগঞ্জ

৪৩ তম সাধারণ সভা. তারিখ: ২৭ জুন, ২০২৪

| ক্র: নং | নাম | পদবি | উপস্থিতির স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১/ | জনাব নাজমা আকতার | কাউন্সিলর | |
| ০২/ | জনাব রাজিয়া সুলতানা | " | |
| ০৩/ | জনাব জেসমিন আক্তার | " | |
| ০৪/ | জনাব আব্দুল সালাম আজাদ | " | |
| ০৫/ | জনাব মো: নুরুল ইসলাম | " | |
| ০৬/ | জনাব মো: তহমিম মিয়া | " | |
| ০৭/ | জনাব মো: আরশেদ আলী বিশ্বাস | " | |
| ০৮/ | জনাব আব্দুর রাজ্জাক | " | |
| ০৯/ | জনাব শাহেদ শিবলী | " | |
| ১০/ | জনাব মো: কবির হোসেন | " | |
| ১১/ | জনাব আবু মো: শহিদ | " | |
| ১২/ | জনাব মো: [illegible] হোসেন | " | |
| ১৩/ | জনাব মো: বজলুর রহমান | সচিব | ২৭/৬/২৪ |

# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৭৯৩ তারিখ ঃ ২৭/০৬/২০২৪ খ্রি.

"মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী"ঃ-

| | | |
|---|---|---|
| সভার নম্বর | ঃ | ৪৩ (তেতাল্লিশ) |
| সভাপতি | ঃ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| সভার নাম | ঃ | পৌর পরিষদের সাধারণ সভার |
| তারিখ | ঃ | ২৭ জুন ২০২৪ খ্রি. |
| বার | ঃ | রোজ বৃহস্পতিবার |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জ্বল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে পূর্ববর্তী ৪১তম পৌর পরিষদ সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন পূর্বক অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থানের অনুরোধ জানান।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

আলোচ্য সূচি-০১ ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

আলোচনা ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ২৫/০৪/২০২৪ খ্রি. তারিখ সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উক্ত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-০২ ঃ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) চলমান থাকার কারনে রাজস্ব আয় অগ্রাধিকার ভিত্তিতে বৃদ্ধি করার জন্য নির্দেশনা রয়েছে এবং কমপক্ষে ৮০% আয় নিশ্চিত করার জন্য বলা হয়েছে। বিষয়টি সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর রাজস্ব আদায়ের স্বার্থে পৌরকর, দোকান ভাড়াসহ যে সমস্ত খাতে বকেয়া রয়েছে এবং যে সমস্ত খাতে পৌরকর আদায়ের সম্ভাবনা রয়েছে। সেই সকল নতুন নতুন খাত উদঘাটন করে ট্যাক্স আদায় সহ সকল প্রকার ইউটিলিটি সেবা প্রদানের পূর্বে পৌর কর আদায় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং জেনারেল এসেসমেন্ট দ্রুত শেষ করে পৌরকর দাবী উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৩ ঃ **জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য ইতোপূর্বে বারবার তাগিদপত্র সহ নির্দেশনা প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ০-৪৫ দিনের শিশুদের জন্য নিবন্ধনের টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শিশু জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে। তিনি আরো বলেন যে, ২০০৪ সনের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাক্স ফোর্স কমিটি গঠণ সহ টাক্স ফোর্স কমিটির দায়িত্ব প্রদান করা হয়েছে। এসডিজি বাস্তবায়েনে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মৃত্যু নিবন্ধন টাক্স ফোর্স গঠণ ও টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে এফজিডি, বিভিন্ন কমিটির সভা, পৌরসভা কর্তৃক আয়োজিত বিভিন্ন উঠান বৈঠকের মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ে সচেতনতা বৃদ্ধির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত গঠিত টাক্স ফোর্স কমিটির সভা আহবানের মাধ্যমে টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণের পদক্ষেপ গ্রহণ সহ জন্ম নিবন্ধন বিষয়ে আরো সচেতন হওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং কাউন্সিলরবৃন্দকে বিভিন্ন উঠান বৈঠক ও বিভিন্ন সভা সমূহে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক ভাবে করার বিষয়ে সর্বসাধারণকে অবহিত করার পুনঃ সিদ্ধান্ত সর্বসম্মতি গৃহিত হলো। সকল সেবা প্রদানের সময় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জনসাধারণ অবহিত করার জন্য সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

আলোচ্য সূচি-৪ ঃ **উন্নয়ন খাতে প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা ঃ-**

আলোচনা ঃ উন্নয়ন খাতে প্রকল্প গ্রহণের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বিগত অর্থ বৎসরের উন্নয়ন খাতে টেন্ডার করার মত অবশিষ্ট অর্থ নেই। ২০২৩-২০২৪ অর্থ বৎসরে রাজস্ব খাতে সমাপনী জের হিসেবে যত টাকা উদ্বৃত্ত ছিল সে টাকার সম্পূর্ণ অর্থ ও উন্নয়ন খাতের অর্থ দ্বারা প্রকল্প গ্রহন করা হয়েছে। বিগত বছরের কোন অর্থ অবশিষ্ট নেই। এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বর্তমান অর্থ বৎসরের উন্নয়ন খাতের সম্পূর্ন টাকার ইতোমধ্যে প্রকল্প গ্রহণ করায় আর কোন প্রকল্প গ্রহণ না করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৫ ঃ **রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা ঃ-**

আলোচনা ঃ রাজস্ব খাতে প্রকল্প গ্রহণের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বিগত অর্থ বৎসরের রাজস্ব খাতে টেন্ডার করার মত অবশিষ্ট অর্থ নেই। ২০২৩-২০২৪ অর্থ বৎসরে রাজস্ব খাতে সমাপনী জের হিসেবে যত টাকা উদ্বৃত্ত ছিল সে টাকার সম্পূর্ণ অর্থ দ্বারা প্রকল্প গ্রহন করা হয়েছে। বিগত বছরের কোন অর্থ অবশিষ্ট নেই। এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রাজস্ব খাতে জনগুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ আগামী পৌর পরিষদের সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৬ ঃ **মাসিক হিসাব বিবরণী আলোচনা ঃ-**

আলোচনা ঃ (১) সভায় পৌর নির্বাহী কর্মকর্তা এপ্রিল/২০২৪ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ২,২৫,২৪,৭৭৯.২৭ ( দুই কোটি পঁচিশ লক্ষ চব্বিশ হাজার সাতশত উনআশি টাকা সাতাশ পয়সা) ও ব্যয় হয়েছে ১,৮৩,০৬,৯৮৭.০০ (এক কোটি তিরাশি লক্ষ ছয় হাজার নয়শত সাতাশি) টাকা মাত্র । সমাপনী জের- ৪২,১৭,৭৯২.২৭ (বিয়াল্লিশ লক্ষ সতেরো হাজার সাতশত বিরানব্বই টাকা সাতাশ পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় এপ্রিল/২০২৪ মাসে রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৫৯,২৬,৩৩৯.৮০ (উনষাট লক্ষ ছাব্বিশ হাজার তিনশত উনচল্লিশ টাকা আশি পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ৩২,৪৯,৬৪৪.৫০ ( বত্রিশ লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত চুয়াল্লিশ) টাকা মাত্র। সমাপনী জের- ২৬,৭৬,৬৯৫.৩০ ( ছাব্বিশ লক্ষ ছিয়াত্তর হাজার ছয়শত পচানব্বই টাকা ত্রিশ পয়সা) টাকা মাত্র। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পৌর নির্বাহী কর্মকর্তা বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

(২) সভায় পৌর নির্বাহী কর্মকর্তা মে/২০২৪ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ১,৪৫,৫৮,২২৪.৪২ ( এক কোটি পয়তাল্লিশ লক্ষ আটান্ন হাজার দুইশত চব্বিশ টাকা বিয়াল্লিশ পয়সা) ও ব্যয় হয়েছে ৯৮,৮৬,১৩৫.০০ (আটানব্বই লক্ষ ছিয়াশি হাজার একশত পয়ত্রিশ) টাকা মাত্র । সমাপনী জের- ৪৬,৭২,০৮৯.৪২ (ছেচল্লিশ লক্ষ বাহাত্তর হাজার উননব্বই টাকা বিয়াল্লিশ পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় মে/২০২৪ মাসে রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয়

মোঃ রমজান আলী

হয়েছে ৫৬,৭৯,৬৯৯.৩০ (ছাপ্পান্ন লক্ষ উনআশি হাজার ছয়শত নিরানব্বই টাকা ত্রিশ পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ১৫,৮৬,২৮৫.০০ ( পনেরো লক্ষ ছিয়াশি হাজার দুইশত পঁচাশি) টাকা মাত্র। সমাপনী জের- ৪০,৯৩,৪১৪.৩০ ( চল্লিশ লক্ষ তিরানব্বই হাজার চারশত চৌদ্দ টাকা ত্রিশ পয়সা) টাকা মাত্র। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পৌর নির্বাহী কর্মকর্তা বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত এপ্রিল/২০২৪ ও মে/২০২৪ মাসের হিসাব বিবরণী সমূহ অনুমোদন দেয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

<u>আলোচ্য সূচি-৭</u> ঃ <u>জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ-</u>

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় নিম্ন লিখিত সুপারিশ সমূহ গৃহিত হয়। যেমন ঃ-

০১। মানিকগঞ্জ শহরের মধ্যস্থ খাল সৌন্দর্যবর্ধন প্রকল্পের কাজ দ্রুত শেষ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। বর্ষার মৌসুমে ডেঙ্গু ও এডিস মশার আবাসস্থল ধ্বংস করার প্রয়োজনীয় গ্রহণ করতে হবে।

০৩। চলমান সকল উন্নয়ন মূলক প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।

০৪। আন্তর্জাতিক মানের বাসটার্মিনাল স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

<u>এবং জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ সমূহ নিম্নরূপ ঃ</u>

০১। মানিকগঞ্জ পৌরসভার অভ্যন্তরীণ চলাচলের অনুপযোগী রাস্তা সমূহ চলাচলের উপযোগী করাসহ রাস্তার পাশে পরে থাকা ময়লা আর্বজনা অপসারণের সিদ্ধান্ত গৃহিত হয়।

০২। শহরের বহুতল ভবনের বেজমেন্ট খালি করে পার্কিং এর ব্যবস্থা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৩। বেউথা কাঁচাবাজার হতে বেউথা ব্রীজ পর্যন্ত রাস্তাটি দ্রুত চলাচলের উপযোগী করার জন্য মেয়র, মানিকগঞ্জ পৌরসভা জরুরী ব্যবস্থা গ্রহণ করবেন এবং ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সামনে বর্জ্য না ফেলার জন্য পৌরসভা কর্তৃপক্ষ উপযুক্ত ব্যবস্থা নিবেন এবং প্রযোজনীয় সংখ্যক বর্জ্য ধারণ ক্ষমতা কনটেনার সরবরাহ করার সুপারিশ গৃহিত হয়।

০৪। পরিবেশ রক্ষার্থে স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড স্থাপনে দ্রুত পদক্ষেপ গ্রহণের সুপারিশ গৃহিত হয়।

০৫। জেলা কারাগার, মানিকগঞ্জ এর সামনে পুকুরের ময়লা আবর্জনা পরিস্কার করার সুপারিশ গৃহিত হয়। উপরোক্ত বিষয় সমূহে নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত বিষায়াদি সুষ্ঠ সমাধানে জেলা আইন শৃঙ্খলা ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সুপারিশ সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

<u>আলোচ্য সূচি-৮</u> ঃ <u>**IUGIP** প্রকল্পের ত্রৈমাসিক রিপোর্ট প্রদান সংক্রান্ত অলোচনা ঃ-</u>

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্রতি তিন মাস অন্তর প্রেরিত ছক মোতাবেক মানিকগঞ্জ পৌরসভার রিপোর্ট প্রদান করতে হবে। নির্দিষ্ট সময়ে রিপোর্ট প্রেরণ না করলে পৌরসভার ভাবমূর্তি ক্ষুন্ন হবে এবং মার্কিং কমে যাবে। মার্কিং কমে গেলে পৌরসভার বিপরীতে অর্থ বরাদ্দ কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ত্রৈমাসিক রিপোর্ট প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

মোঃ রমজান আলী
মেয়র

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ত্রৈমাসিক রিপোর্ট প্রদানে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে রিপোর্ট তৈরী পূর্বক পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে প্রতি কোয়াটারে তৃতীয় মাসের শেষে ৪র্থ মাসের ৪ তারিখের মধ্যে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৯** ঃ **বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য প্রকল্প অফিসের নির্দেশনা রয়েছে এমনকি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক তাগিদ পত্র প্রেরণ করেছেন। তাই বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে বকেয়া বিদ্যুৎ বিল পর্যায়ক্রমে পরিশোধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**আলোচ্য সূচি-১০** ঃ **১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার নিয়ন্ত্রিত পৌর বাসটার্মিনাল ও পৌরসভার নিয়ন্ত্রিত বিভিন্ন গণশৌচাগার সমূহ ১৪৩১ বাংলা সনের ইজারা নিয়মানুযায়ী পর্যায় ক্রমে ৪বার দরপত্র আহবান করা হলেও বেশ কিছু মহালে কোনপ্রকার দরপত্র দাখিল হয়নি। ৫ম বারে ইজারা দরপত্র দাখিলে পৌর কেন্দ্রীয় বাস টার্মিনালের দরদাতা মেসার্স কোরাইশী এন্টারপ্রাইজ, প্রোঃ এম এ ইরাদ কোরাইশী, চান্দইর, গড়পাড়া, মানিকগঞ্জ- ১৮,৩০,০০০/- (আঠার লক্ষ ত্রিশ হাজার) টাকার দর দাখিল করেন। উল্লেখিত দর সরকারি মূল্যের চেয়ে কম। ইতোমধ্যে স্থানীয় সরকার বরাবরে ইজারা না হওয়ার প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। যার স্মারক নং- মাপৌঃবাঃশাঃ/৫৯৮ তারিখঃ ০৭/০৫/২০২৪খ্রি. উল্লেখিত টার্মিনাল ইজারা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার নিয়ন্ত্রনাধীন পৌর বাসটার্মিনাল পৌর টেন্ডার কমিটি সরকারি মূল্যের চেয়ে কম হলেও বিগত বৎসরের দাখিলকৃত দরের বেশি হওয়ায় এবং খাস কালেকশনে বিভিন্ন ধরণের সমস্যা থাকায় পৌর রাজস্ব আয়ের স্বার্থে মেসার্স কোরাইশী এন্টারপ্রাইজ, প্রোঃ এম এ ইরাদ কোরাইশী, চান্দইর, গড়পাড়া, মানিকগঞ্জ- কর্তৃক দাখিলকৃত ১৮,৩০,০০০/- (আঠার লক্ষ ত্রিশ হাজার) টাকা দরে উল্লেখিত টার্মিনালের ইজারা প্রদান অনুমোদ দেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

**বিবিধ- ০১** ঃ **সর্বজনীন পেনশন স্কীম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, চলতি মাসে সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে সর্বজনীন পেনশন স্কীম বিষয়ে অবহিত করা হয়েছে এবং অর্থ মন্ত্রনালয়ের আগস্ট ১৩,২০২৩ প্রজ্ঞাপন অবহিত করা হয়েছে। পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভার মেয়রের নির্দেশনা মোতাবেক পৌর পরিষদের সকল সদস্য ও মানিকগঞ্জ পৌরসভার সকল কর্মকর্তা/কর্মচারীদের সর্বজনীন পেনশন স্কীমের আওতায় অন্তর্ভূক্ত হওয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণকে সরকার কর্তৃক ঘোষিত সর্বজনীন পেনশন স্কীমের হিসাব খোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।

**বিবিধ- ০২** ঃ **কর্মকর্তা/কর্মচারীদের আয়কর রিটার্ণ দাখিল সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে মানিকগঞ্জ পৌরসভার সকল কর্মকর্তা/কর্মচারীদের ডেকে উপ-কর কমিশনারের কার্যালয়, সার্কেল-২৬৩ (মানিকগঞ্জ), কর অঞ্চল-১২, ঢাকা, ৯০, নগর ভবন রোড, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ কর্তৃক বিভিন্ন পত্র উপস্থান সহ অবহিত করা হয়েছে এবং আয়কর আইন, ২০২৩ মোতাবেক প্রত্যেক গণকর্মচারীর বাধ্যতামূলক ভাবে রিটার্ণ দাখিল প্রসঙ্গে সকল কর্মকর্তা/কর্মচারীদের তাগিদ প্রদান করা হয়েছে। যে সমস্ত কর্মকর্তা/কর্মচারীগণ অধ্যাবধি রিটার্ণ দাখিল করেন নাই তাদের রিটার্ণ দাখিল করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন রিটার্ণ দাখিল বাধ্যতামূলক। রিটার্ণ দাখিল না করলে বেতন না দেওয়ার জন্য পত্রে নির্দেশনা রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার সকল কর্মকর্তা/কর্মচারীদের আয়কর রিটার্ণ দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ- ০৩** ঃ **আর্থিক অনুদান বিষয়ে আলোচনা ঃ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান আর্থিক সহযোগিতা চেয়ে ০৬(ছয়) জন ব্যক্তি আবেদন করেছেন। আবেদন পত্র সমূহ সভায় উপস্থাপন করা হয়। (১) জনাব মোঃ জাহিদ হোসেন খান,পিতাঃ মোঃ আনোয়ার হোসেন খান, সাং- বান্দুটিয়া, মানিকগঞ্জ তার আবেদন পত্রে তার স্ত্রী ব্রেষ্ট ক্যান্সারের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য চেয়েছেন। (২) জনাব ফারুক হোসেন লিটন,সহকারী লাইসেন্স পরিদর্শক (অস্থায়ী), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ তার ক্যান্সার রোগের অপারেশনের জন্য সাত লক্ষ টাকার প্রয়োজন। তার পক্ষে এতা টাকা যোগার করা সম্ভব নয়। তাই অপারেশনের জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। (৩) একতা ফাউন্ডেশন, উচুটিয়া, মানিকগঞ্জ এর সভাপতি, জনাব রফিকুল ইসলাম (টুটুল মাস্টার) স্বাক্ষরিত আবেদন পত্রটিতে ইফতার মাহফিলের জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন।(৪) দক্ষিন নয়াকান্দি বায়তুল জান্নাত জামে মসজিদ এর সভাপতি জনাব মোঃ সামছুল আলম স্বাক্ষরিত আবেদন পত্রটিতে মসজিদের আংগিনায় মাটি ভরাট করার জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। (৫) আন্ধারমানিক, ৩ রাস্তার মোড়, ৮নং ওয়ার্ড, শিমুলতলা মানিকগঞ্জ অবস্থিত মোকসেদ আলী দেওয়ান স্মৃতি সুপার মার্কেটের পক্ষে মোঃ এমদাদুল হক পরিচালক স্বাক্ষরিত আবেদন পত্রটিতে ওয়াজ মাহফিল এর জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। (৬) নয়াকান্দি বাজার জামে মসজিদ এর সভাপতি জনাব এ্যাডঃ দেওয়ান মতিন স্বাক্ষরিত আবেদন পত্রটিতে বাৎসরিক ওয়াজ মাহফিলের জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। আবেদন পত্র সমূহে নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে (১) জনাব মোঃ জাহিদ হোসেন খান,পিতাঃ মোঃ আনোয়ার হোসেন খান, সাং- বান্দুটিয়া, মানিকগঞ্জ তার আবেদন পত্রে তার স্ত্রী ব্রেষ্ট ক্যান্সারের চিকিৎসার জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, (২) জনাব ফারুক হোসেন লিটন, সহকারী লাইসেন্স পরিদর্শক (অস্থায়ী), মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ তার ক্যান্সার রোগের অপারেশনের জন্য ৫০,০০০/-

মোঃ রমজান আলী
মেয়র

(পঞ্চাশ হাজার) টাকা, (৩) একতা ফাউন্ডেশন, উচুটিয়া, মানিকগঞ্জ এর সভাপতি, জনাব রফিকুল ইসলাম(টুটুল মাস্টার) স্বাক্ষরিত আবেদন মোতাবেক ইফতার মাহফিলের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা, (৪) দক্ষিন নয়াকান্দি বায়তুল জান্নাত জামে মসজিদ এর সভাপতি জনাব মোঃ সামছুল আলম স্বাক্ষরিত আবেদন মোতাবেক মসজিদের আংগিনায় মাটি ভরাট করার জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, (৫) আন্ধারমানিক, ৩ রাস্তার মোড়, ৮নং ওয়ার্ড, শিমুলতলা, মানিকগঞ্জ অবস্থিত মোকসেদ আলী দেওয়ান স্মৃতি সুপার মার্কেটের পক্ষে মোঃ এমদাদুল হক পরিচালক স্বাক্ষরিত দাখিলকৃত আবেদন মোতাবেক ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও (৬) নয়াকান্দি বাজার জামে মসজিদ এর সভাপতি জনাব এ্যাডঃ দেওয়ান মতিন স্বাক্ষরিত দাখিলকৃত আবেদন মোতাবেক ওয়াজ মাহফিল পরিচালনার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে আর্থিক অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-৭৯৩ তারিখ ঃ ২৭/০৬/২০২৪ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-</u>

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ

০৪। জনাব..................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

০৭। জনাব ..........................................পদবি...................শাখা...................মানিকগঞ্জ পৌরসভা

০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো

০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।